

## আশ-শূরা | Ash-Shura | الشُورى

আয়াতঃ ৪২ : ২৫

### আরবি মূল আয়াত:

وَ هُوَ الَّذِي يَقْبِلُ التَّوْبَةَ عَنِ عِبَادِهِ وَ يَعْفُوا عَنِ السَّيِّئَاتِ وَ يَعْلَمُ مَا تَفْعَلُونَ ﴿٢٥﴾

### A | ✎ অনুবাদসমূহ:

আর তিনিই তাঁর বান্দাদের তাওবা কবুল করেন এবং পাপসমূহ ক্ষমা করে দেন। আর তোমরা যা কর, তা তিনি জানেন। — আল-বায়ান

তিনি তাঁর বান্দাদের তাওবাহ কবুল করেন, পাপ ক্ষমা করেন আর তিনি জানেন তোমরা যা কর। — তাইসিরুল

তিনিই তাঁর বান্দাদের তাওবাহ কবুল করেন এবং পাপ মোচন করেন এবং তোমরা যা কর তিনি তা জানেন। — মুজিবুর রহমান

And it is He who accepts repentance from his servants and pardons misdeeds, and He knows what you do. — Sahih International

২৫. আর তিনিই তাঁর বান্দাদের তাওবা কবুল করেন ও পাপসমূহ মোচন করেন(১) এবং তোমরা যা কর তিনি তা জানেন।

(১) আলোচ্য আয়াতে তাওবা কবুল করাকে আল্লাহ তা'আলা তাঁর নিজের বিশেষ গুণ হিসেবে উল্লেখ করেছেন। অনুরূপভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা মুমিন বান্দার তাওবায় ঐ ব্যক্তির চেয়েও বেশী খুশী হন, যে কোন উষর মরুর বুকে ছিল, তার সাথে ছিল বাহন যার উপর ছিল তার খাদ্য ও পানীয়। এমতাবস্থায় সে ঘুমিয়ে পড়েছিল, জাগ্রত হয়ে দেখতে পেল যে, বাহনটি তার খাবার ও পানীয়সহ চলে গেছে। সে তার বাহন খুঁজতে খুঁজতে তৃষ্ণার্ত হয়ে পড়ল। তারপর সে বলল, যেখানে ছিলাম সেখানে গিয়ে আবার ঘুমিয়ে পড়ব ও মারা যাব। সে তার হাতের উপর মাথা রেখে মৃত্যুর জন্য অপেক্ষা করছিল, এমতাবস্থায় সে সচেতন হয়ে দেখল যে, তার বাহন ফিরে এসেছে এবং বাহনের উপর তার খাবার ও পানীয় তেমনিভাবে রয়েছে। তখন সে আনন্দে ভুল করে বলে ফেলল: আল্লাহ আপনি আমার বান্দা এবং আমি আপনার রব। আল্লাহ তাঁর মুমিন বান্দার তাওবাতে বাহন ও খাদ্য পানীয় ফিরে পাওয়া লোকটি থেকেও বেশী খুশী হন। [মুসলিম: ২৭৪৪]

তাফসীরে জাকারিয়া

(২৫) তিনিই তাঁর দাসদের তাওবা কবুল করেন[১] এবং পাপ মোচন করেন। আর তোমরা যা কর, তিনি

তা জানেন।

[1] তওবার অর্থ হল, পাপের জন্য অনুতপ্ত হওয়া এবং আগামীতে তা আর না করার দ্রুত প্রতিজ্ঞা করা। কেবল মুখে ‘তওবা-তওবা’ করা অথবা গুনাহ বা পাপ ত্যাগ না করে তাওবা প্রকাশ করে গেলেই তাওবা হয় না। এটা তো ঠট্টা ও বিদ্রূপ করা হয়। নিষ্ঠাপূর্ণ ও সত্যিকার তাওবা আল্লাহ অবশ্যই কবুল করেন।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4297>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন